

ঢাকা মেট্রো উপ অঞ্চল কর্তৃক ৫০০০০ পিস ইয়াবাসহ ৬ জন গ্রেফতার



০৯/০৭/২০১৭ খ্রিঃ রবিবার সকাল ০৯:০০-০২:০০ টা পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চল, ঢাকা কর্তৃক ঢাকা মহানগরীর এ্যালিফ্যান্ট রোড, কলাবাগান এবং পশ্চিম রাজাবাজার এলাকায় মাদকবিরোধী সাঁড়াশী অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) পিস ইয়াবা, নগদ ২,৮০,০০০/-টাকা ও ০৫টি মোবাইল সেটসহ ০৬ (ছয়) জন শীর্ষ ইয়াবা ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হচ্ছেন-

- ১। রবিউল ইসলাম (৪৭), পিতা মৃত ওসমান গনি, সাং- বিরামপুর পূর্ব পাড়া, বিরামপুর, ঢাকা। বর্তমান ঠিকানা: ১৭৩ এলিফেন্ট রোড, নিউমার্কেট ঢাকা।
- ২। আসমা আহমেদ @ ডালিয়া (৩৭), স্বামী: রবিউল ইসলাম, সাং- বিরামপুর পূর্ব পাড়া, বিরামপুর, ঢাকা। বর্তমান ঠিকানা: ১৭৩ এলিফেন্ট রোড, নিউমার্কেট ঢাকা।
- ৩। মনোয়ারা বেগম (৬০), স্বামী মৃত: শাহজাহান মিয়া, সাং-বড় পিপুলিয়া, মুরাদ নগর, কুমিল্লা। বর্তমান ঠিকানা: ফ্ল্যাট- ৬/৩, বাড়ী নং- ৫২/৩, পশ্চিম রাজাবাজার, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। শামীম আহমেদ(৩৭), পিতা: মৃত শামসুল আহমেদ, সাং-ধর্মতলা কোতয়ালী, যশোর। বর্তমান ঠিকানা: ফ্ল্যাট- এ-১, বাড়ী নং- ৪৮, উত্তরা ধানমন্ডি, কলাবাগান, ঢাকা।
- ৫। স্বপ্না বেগম (৩০), স্বামী শামীম আহমেদ, সাং-ধর্মতলা কোতয়ালী, যশোর। বর্তমান ঠিকানা: ফ্ল্যাট- এ-১, বাড়ী নং- ৪৮, উত্তরা ধানমন্ডি, কলাবাগান, ঢাকা।
- ৬। মাহমুদা রানী (৪৬), স্বামী আমিনুল ইসলাম, সাং-নড়িয়া, থানা: নড়িয়া, শরিয়তপুর। বর্তমান ঠিকানা: ফ্ল্যাট- এ-১, বাড়ী নং- ৪৮, উত্তরা ধানমন্ডি, কলাবাগান, ঢাকা।

উল্লেখ্য, গ্রেফতারকৃত আসামীরা ঢাকা মহানগরীর শীর্ষস্থানীয় মাদক ব্যবসায়ী। বিলাশবল্ল ফ্ল্যাটে অবস্থান করে স্যানিটারি সামগ্রীর দোকান ও ব্যবসায়ের আড়ালে তারা এ ব্যবসা চালিয়ে আসছিল। তারা ঢাকা মহানগরীর বিভিন্ন স্পটে ইয়াবা সরবরাহ করে থাকে।